যায়যায়দিন

তারিখ 5 JUN 2009
পৃষ্ঠা [illegible] কলাম ৩

# খুলনা পলিটেকনিক আবারো বন্ধ

খুলনা অফিস

ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের জের ধরে খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট আবারো বন্ধ হয়েছে।

বৃহস্পতিবার ইন্সটিটিউটে ক্লাস হয়নি। বুধবারের সংঘর্ষের কারণ অনুসন্ধানে কর্তৃপক্ষ পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে। একই সঙ্গে হোস্টেলগুলো খালি করে দেয়া হয়েছে। এ নিয়ে চলতি বছরের ফেব্রুয়ারি থেকে জুন পর্যন্ত চার মাসে ছাত্রলীগের দুই গ্রুপের তিন দফা সংঘর্ষে শিক্ষা কার্যক্রম তিনবার ব্যাহত হলো।

বুধবার দুপুর সোয়া ১টার দিকে পলিটেকনিকের দ্বিতীয় বর্ষের ছাত্র সাইফুল ইসলাম কলেজ থেকে বেরিয়ে পুরনো যশোর রোডে যায়। এ সময় পূর্বশত্রুতার জের ধরে প্রতিপক্ষ বন্ধ : পৃষ্ঠা ১৫ কলাম ৭

## বন্ধ : খুলনা

(শেষ পৃষ্ঠার পর)

শাহীন গ্রুপের শাহীনের নেতৃত্বে ৮-১০ জন তাকে মারধর করে। সাইফুল হোস্টেলে পৌঁছে সহপাঠীদের খবর দিলে তারা উত্তেজিত হয়ে লাঠিসোটা, লোহার রড নিয়ে প্রতিপক্ষকে ধাওয়া করে। দুই গ্রুপের ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় সুমন নামে একজন গুরুতর আহত হয়।

পরিস্থিতি কিছুটা শান্ত হলে কলেজের অধ্যক্ষ মো. শাহজাহানের সভাপতিত্বে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় ঘটনা তদন্তে পাওয়ার চিফ ইন্সট্রাক্টর আকতারুজ্জামান তালুকদারকে প্রধান করে পাঁচ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী মঙ্গলবারের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। কমিটি বৃহস্পতিবার কাজ শুরু করেছে। বুধবার হোস্টেলগুলো খালি করে দিতে বলা হলে ছাত্ররা রুম ছেড়ে চলে যায়।